

## আ মরি বাংলা ভাষা

মাহাবুবুর রহমান (রিমন) {২১/০২/২০১৬}

প্রতি বছর ঢাকায় অবস্থিত বাংলা একাডেমিতে পুরো ফেব্রুয়ারী মাস জুড়ে প্রানের বই মেলা অনুষ্ঠিত হয়ে থাকে। এই সময় বিভিন্ন প্রকাশনা সংস্থা বছরের অন্য সময়ের চাইতে এই মাসে বেশ ব্যস্ত থাকেন। বই পোকা মানুষ সহ বিভিন্ন পেশার ও বিভিন্ন শ্রেণীর মানুষ বই মেলায় এসে তার পছন্দ মত বই ক্রয় করে থাকেন। এই বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার জন্য আমাদের বাংলাদেশের মানুষ নিজের জীবন পর্যন্ত দিয়েছেন। বাংলা আমাদের মাতৃভাষা। কিন্তু এই ফেব্রুয়ারী মাস ছাড়া বছরের অন্য কোন মাসে বাংলা নিয়ে তেমন কোন মাতামাতি নেই। আমরা আমাদের ছেলেমেয়েদেরকে সবসময় ইংরেজী শেখানোর জন্য সবসময় অস্থির থাকি, কিন্তু ওরাতো বাংলাই জানে না।

বর্তমানে লক্ষ্য করলে দেখা যায় যে, অতি সাধারণ অথবা সল্লশিক্ষিত মানুষ বাংলা ভাষার চর্চা করে। কিছুদিন আগে একটি অনলাইন পত্রিকাতে একটি প্রতিবেদনে জানতে পারলাম যে, বিয়ের কার্ডে বাংলা ব্যবহার করে গ্রামের মানুষ, এবং অল্লশিক্ষিত মানুষ বাংলা হরফ ব্যবহার করে।

এখন লক্ষ্য করলে দেখা যায় যে, সরকারি ওয়েবসাইট গুলোতে সবার আগে ইংরেজীকে প্রাধান্য দেয়া হয়। এমনকি কম্পিউটার এবং ইন্টারনেটে বাংলা হরফ টাইপ করার জন্য রোমান অক্ষর ব্যবহার করা হয়।

সরকারি অফিসগুলোতে সুযোগ পেলেই ইংরেজীকে প্রাধান্য দেয়া হয়। বেসরকারী অফিসগুলোতে যদি বাংলা হরফে কোন কিছু লেখা দেখলে তারা নাক সিঁচকাতে থাকে।

উচ্চশিক্ষায় বাংলা প্রবেশ করতে করতে পারে না। উচ্চ আদালতেও বাংলা প্রবেশ নিষিদ্ধ।

বাংলাদেশে বেসরকারী বিশ্ববিদ্যালয় এমন কিছু শিক্ষক রয়েছে যারা বাংলাদেশী হয়েও তাদের সাথে বাংলায় যদি কথা বলা হয় তখন সেই শিক্ষক অপমান বোধ করে থাকেন।

একসময় সরকারি ব্যাংক গুলোতে বাংলায় কাজ করত কিন্তু হয় : ডিজিটাল করার নামে এখন সেটা ইংরেজীতে রূপান্তর হয়ে গেছে।

বাংলাদেশে সরকারি অফিস গুলোতে এখন লক্ষ্য করলে দেখা যায় যে, ডিজিটাল করার নামে বাংলার ব্যবহার দিন দিন কমে যাচ্ছে।

আপনারা হয়তো লক্ষ্য করেছেন মোবাইল অপারেটর গুলো যে সকল এসএমএস গ্রাহকদের নিকট প্রেরন করে থাকেন সেগুলোতেও তারা ইংরেজী ব্যবহার করে থাকে।

সবচাইতে ভয়াবহ বাংলা ভাষার বিকৃতি শোনা যায়, বেসরকারি এফ এম রেডিও চেনেলে।

এই হলো আমাদের বাংলা ভাষার বর্তমান অবস্থা। কাজেই আসুন আমরা আমরা সকলেই প্রত্যেকে নিজের অবস্থানে থেকে নিজের বাংলা ভাষাকে সঠিক ভাবে ব্যবহার এবং মূল্যায়ন করি।

তথ্য ও প্রযুক্তি বিষয়ক লেখক ও কলামিস্ট, এবং  
ইন্টারনেট এবং কম্পিউটারে বাংলা ভাষা ব্যবহারে উৎসাহ প্রদানকারী ##  
মাহাবুবুর রহমান (রিমন)

email : [mrahman0985@gmail.com](mailto:mrahman0985@gmail.com)

web : [www.mrahman.info](http://www.mrahman.info)